DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 20 Nov 2026, 05:59 PM

সারাদেশ

ব্রাহ্মণবাড়িয়ায় দুই পক্ষের সংঘর্ষে নিহত ১, আহত অর্ধশতাধিক

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: সোমবার, ০৭ সেপ্টেম্বর ২০২৬, ০৫:৫১ PM



ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগরে দুই পক্ষের সংঘর্ষে নাজিমুদ্দিন (২৮) নামের এক যুবক নিহত হয়েছেন। এ সময় উভয় পক্ষের প্রায় ৫৫ জন আহত হওয়ার খবর পাওয়া গেছে। এ ঘটনায় এলাকায় থমথমে পরিবেশ বিরাজ করছে।

শুক্রবার (৪ সেপ্টেম্বর) দুপুরে জুমার নামাজ শেষে উপজেলার বুড়িশ্বর ইউনিয়নের বুড়িশ্বর বাজারের পাশে নাসিরনগর-সরাইল-লাখাই আঞ্চলিক মহাসড়কে এ সংঘর্ষের ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা গেছে, বুড়িশ্বর গ্রামের নয়াবাড়ির ফজুল হক ও ডায়লা বাড়ির আব্দুল আওয়ালের মধ্যে পুকুরের জমি নিয়ে দীর্ঘদিন ধরে বিরোধ চলে আসছে। এ নিয়ে গত মাসে ব্রাহ্মণবাড়িয়া জেলা আদালতে মামলা করেন আব্দুল আওয়ালের লোকজন।

শুক্রবার সকালে ফজুল হকের লোকজন দাবি করেন, পুকুরে তাদের জমি রয়েছে। এ কারণে দুপুরে নামাজ শেষে তারা পুকুরের পাড়ে যান। এ

সময় আব্দুল আওয়ালের লোকজনও ঘটনাস্থলে উপস্থিত হন। এ নিয়ে দুই পক্ষের মধ্যে বাকবিতণ্ডা সৃষ্টি হয়। পরে উভয় পক্ষের লোকজন দেশীয় অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়ায়।

এ সময় মাথায় টেটাবিদ্ধ হয়ে আব্দুল আওয়াল পক্ষের নাজিমুদ্দিন গুরুতর আহত হন। স্বজনরা তাকে উদ্ধার করে নাসিরনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

সংঘর্ষে নারী, শিশু ও পুরুষসহ প্রায় ৫৫ জন আহত হন। এর মধ্যে চারজনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাদের ঢাকায় পাঠানো হয়েছে।

আব্দুল আওয়ালের পক্ষের আহতদের মধ্যে রহিছ মিয়া, তাউস মিয়া, কালন মিয়াসহ ২৮ জনের নাম জানা গেছে।

নাজিমুদ্দিন নিহত হওয়ার খবর ছড়িয়ে পড়ার পর অপর পক্ষের ফজুল হকের লোকজন বাড়ি থেকে পালিয়ে যাওয়ায় তাদের নাম জানা সম্ভব হয়নি।

নাসিরনগর থানার এসআই জাহান বলেন, ঘটনার প্রকৃত কারণ এখনই বলা যাচ্ছে না। একজন নিহত হওয়ায় পরিস্থিতি খুবই উত্তপ্ত হয়ে আছে। সংঘর্ষ থামাতে পুলিশ সর্বোচ্চ চেষ্টা করছে।

বুড়িশ্বর ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মো. রুহুল আমিন বলেন, দুই পক্ষের মধ্যে জমি নিয়ে বিরোধ ছিল। আজ সকালে সেই বিরোধের জেরে দুই পক্ষের মধ্যে সংঘর্ষ হয়। এতে নাজিমুদ্দিন নামে একজন নিহত হয়েছেন।

নাসিরনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ শাহিনুল ইসলাম জানান, জমি নিয়ে বিরোধের জেরে দুপক্ষের সংঘর্ষে একজন নিহত হয়েছে। ঘটনাস্থলে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। বর্তমানে পরিস্থিতি নিয়ন্ত্রণে আছে। মরদেহ ময়নাতদন্তের জন্য ব্রাহ্মণবাড়িয়া জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

এ বিভাগের আরও খবর



কসবায় ট্রাকের চাপায় মোটরসাইকেল আরোহী নিহত, আহত ১
ব্রাহ্মণবাড়িয়ার কসবায় ট্রাকের চাপায় মো. আলমগীর (৪৫) নামের এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় তাঁর সঙ্গে থাকা আরেক আরোহী মো. সাহাদাৎ গু...



ঝালকাঠিতে দুই বাসের মুখোমুখি সংঘর্ষে হেলপার নিহত, আহত ২০

বরিশাল-কুয়াকাটা মহাসড়কের ঝালকাঠির নলছিটি উপজেলার দপদপিয়া এলাকায় দুটি বাসের মুখোমুখি সংঘর্ষে এক বাসের হেলপার নিহত হয়েছেন। এ ঘটনায় দুই বাসের অ...



নিখোঁজের ৪৮ ঘণ্টা পর কুয়াকাটা সৈকতে মিলল বিচারক ফারহান নাদীমের সন্ধান

নিখোঁজের প্রায় ৪৮ ঘণ্টা পর পটুয়াখালীর কুয়াকাটা সমুদ্রসৈকত থেকে বরিশাল জেলা ও দায়রা জজ আদালতের সিনিয়র সহকারী জজ শেখ ফারহান নাদীমকে উদ্ধার করে...



বিশ্বম্ভরপুরে ১ লাখ ২৫ হাজার ভারতীয় বিড়ি উদ্ধার, গ্রেপ্তার ৫

সুনামগঞ্জের বিশ্বম্ভরপুরে পৃথক দুটি অভিযান চালিয়ে ১ লাখ ২৫ হাজার ৯৫০টি ভারতীয় বিড়ি ও চারটি মোটরসাইকেল জব্দ করেছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/brahmnbariyay-dui-pksher-sngghrshe-niht-1-aht-ordhshtadhik